# এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম
# গঠনতন্ত্র

**ভূমিকা:** এলজিইডির প্রাতিষ্ঠানিক ও মাঠপর্যায়ের কর্মকাণ্ডে জেন্ডার সমতা উন্নয়নে সহায়তা দেওয়ার জন্য ২০০০ সালে প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদন ক্রমে এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম গঠিত হয়। এলজিইডির সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে গঠিত এটি একটি উন্মুক্ত ফোরাম।

**নাম:** এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

**লক্ষ্য:** এলজিইডিতে জেন্ডার সমতার প্রাতিষ্ঠানিকীকরণ করা।

**উদ্দেশ্য:** এলজিইডির সকল পর্যায়ে জেন্ডার সমতা উন্নয়নকল্পে জেন্ডার সমতা কর্মপরিকল্পনা বাস্তবায়ন; প্রতিষ্ঠান, প্রকল্প ও মাঠ পর্যায়ের জেন্ডার সমতা বিষয়ক কাজের সমন্বয় সাধন; এবং এ বিষয়ক আলোচনার জন্য একটি মঞ্চ বা প্রাতিষ্ঠানিক ব্যবস্থা পরিচালনা করা।

**কার্যপরিধি:** এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম এলজিইডির সকল কর্মকাণ্ডের মাধ্যমে জেন্ডার সমতা উন্নয়ন ও জেন্ডারকে মূলধারায় আনার জন্য প্রতিষ্ঠান ও মাঠ পর্যায়ের কাজের মধ্যে একটি সেতুবন্ধন হিসাবে কাজ করবে। এলজিইডি কর্তৃপক্ষকে সহায়তা দেওয়ার জন্য এলজিইডির জেন্ডার ফোরামের কার্যপরিধি নিম্নরূপ:

১। জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১, পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন অভীষ্ট অনুসরণে এলজিইডির জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়ন এবং সময়ে সময়ে হালনাগাদকরণ।

২। এলজিইডির কর্মী, প্রকল্প ও অন্যান্য অংশীজনদের মধ্যে জেন্ডার সমতা বিষয়ক সচেতনতা সৃষ্টিতে সহায়তা দেওয়া;

৩। প্রকল্প ও ইউনিটের সকল পর্যায়ের নারী ও পুরুষ কর্মীর মধ্যে জেন্ডার ও উন্নয়ন বিষয়ক সামর্থ্য বৃদ্ধির জন্য প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও প্রশিক্ষণ প্রদানে প্রশিক্ষণ ইউনিটকে সহায়তা করা এবং প্রয়োজনে প্রশিক্ষণ প্রদান ও অন্যান্য ব্যবস্থা নেওয়া;

৪। নারীকর্মীদের সক্ষমতা বৃদ্ধি ও সকল ক্ষেত্রে নারীদের অংশগ্রহণ ও অবদান রাখার সুযোগ সৃষ্টিতে পরামর্শ প্রদান করা;

৫। এলজিইডির প্রকল্প পরিকল্পনায় জেন্ডার সম্পর্কিত বিষয় অন্তর্ভুক্তি ও তার বাস্তবায়ন নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণে এলজিইডি কর্তৃপক্ষকে পরামর্শ ও সহায়তা প্রদান করা;

৬। জেন্ডার সমতা উন্নয়নের জন্য প্রকল্প পরিকল্পনায় জেন্ডার সমতা অন্তর্ভুক্তি ও জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যাপারে সকল উন্নয়ন প্রকল্পকে সহায়তা দেওয়া;

৭। প্রতিষ্ঠান, প্রকল্প ও মাঠপর্যায়ের জেন্ডার সমতা বিষয়ক কর্মকাণ্ডের সমন্বয় সাধনে একটি ফোকাল পয়েন্ট ব্যবস্থা ও জেলা পর্যায়ে জেন্ডার ও উন্নয়ন কমিটি গড়ে তোলা এবং তাদের মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা দেওয়া;

৮। এলজিইডির নির্মিত ও নির্মিতব্য অবকাঠামোতে নারী ও ভিন্নভাবে সক্ষম ব্যক্তিদের জন্য সহায়ক নকশা তৈরি ও তার ব্যবস্থাপনা বিষয়ে পরামর্শ দেওয়া;

৯। এলজিইডির উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে নারীর কর্মসংস্থান, সম্পদ ও সুবিধায় তাদের অংশ এবং অংশগ্রহণ, এবং নারী ও পুরুষের জন্য সমকাজে সমমজুরি প্রতিষ্ঠায় পরামর্শ দেওয়া;

১০। এলজিইডির সকল পর্যায়ে নারী বান্ধব ও যৌন হয়রানি মুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করতে কর্তৃপক্ষকে পরামর্শ ও সহায়তা দেওয়া;

১১। এলজিইডির প্রাতিষ্ঠানিক ও মাঠপর্যায়ের কর্মকাণ্ডে উদ্ভূত জেন্ডার ও উন্নয়ন বিষয়ক সমস্যা সমাধানে পরামর্শ প্রদান করা;

১২। এলজিইডির কর্মকাণ্ডের জেন্ডার বিষয়ক ফলাফল মনিটরিং ও মূল্যায়নের জন্য নারী-পুরুষ বিভাজিত উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও প্রতিবেদন প্রস্তুত পদ্ধতি প্রণয়ন, গবেষণা,ও এক্ষেত্রে ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা;

১৩। সকল ইউনিট, প্রকল্প ও রাজস্ব কর্মকাণ্ডতে জেন্ডার সমতা উন্নয়ন ও সমন্বয় সাধন বিষয়ক পরামর্শ এবং সহায়তা দেওয়া;

১৪। জেন্ডার সমতা উন্নয়নের জন্য প্রয়োজনে সকল ইউনিটকে প্রাতিষ্ঠানিক বিধিমালা, নির্দেশনা, পদ্ধতি প্রণয়নের জন্য পরামর্শ দেওয়া ও ব্যবস্থা নেওয়া;

১৫। সরকার, উন্নয়ন সহযোগী সংস্থা ও যোগাযোগ মাধ্যমের কাছে এলজিইডির জেন্ডার সমতা বিষয়ক কর্মকাণ্ডের ফলাফল তুলে ধরতে সহায়তা করা;

১৬। জেন্ডার সংবেদনশীল প্রাতিষ্ঠানিক ক্রয়, বাজেট প্রণয়ন ও তা বাস্তবায়ন এবং তহবিল সংগ্রহ বিষয়ে পরামর্শ প্রদান করা;

১৭। প্রয়োজনে জেন্ডার সমতা উন্নয়ন বিষয়ক প্রকল্প বাস্তবায়ন, ও অন্যান্য জেন্ডার সমতা বিষয়ক কার্যক্রম গ্রহণে সহায়তা করা; এবং

১৮। জেন্ডার সমতা সংশ্লিষ্ট অন্যান্য যে কোনো বিষয় ফোরামের নিকট উপস্থাপিত হলে তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা।

**ফোরামের সদস্যদের যোগ্যতা:** এলজিইডির সদর দপ্তর ও মাঠপর্যায়ের স্থায়ী কর্মীগণ ফোরামের সদস্য হতে পারবেন।

**ফোরামের গঠন:** জেন্ডার ও উন্নয়ন ফোরামের সদস্য সংখ্যা মোট ৪২ জন হবে, যার মধ্যে ২৬ জন সদর দপ্তর ও ১৬ জন মাঠ পর্যায় হতে মনোনীত হবেন।

ক) **এলজিইডি সদর দপ্তর:** মোট সদস্য ২৬ জন

একই ইউনিট বা প্রকল্প হতে যথাসম্ভব একাধিক কর্মকর্তা সদস্য মনোনীত হবেন না।

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (জেষ্ঠ্যতম) ১ জন

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী ৪ জন

মনিটরিং; মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার; এবং পানি সম্পদ (পরিচালনা ও রক্ষণাবেক্ষণ); ও নগর উন্নয়ন

৩। প্রকল্প পরিচালক ৬ জন

পানি সম্পদ, পল্লি অবকাঠামো ও নগর উন্নয়ন সেক্টর হতে ২ জন করে যার মধ্যে সরকারি ও দাতা সংস্থার সহায়তাপুষ্ট উভয় ধরনের প্রকল্প থাকবে।

৪। নির্বাহী প্রকৌশলী ৩ জন পরিকল্পনা, ডিজাইন (ভবন) ও মাননিয়ন্ত্রণ

৫। সিনিয়র সহকারী প্রকৌশলী ৩ জন, আইসিটি, রক্ষণাবেক্ষণ ও প্রশাসন

৬। সহকারী প্রকৌশলী ২ জন (প্রকল্প হতে)

৭। উপ-সহকারী প্রকৌশলী ১ জন (প্রকল্প হতে)

৮। বিশেষ বিবেচনায় জেন্ডার ফোরামের অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা ৫ জন।

৯। একজন সদস্য সচিব, নির্বাহী প্রকৌশলী পদমর্যাদার।

খ) **এলজিইডি মাঠ পর্যায়:** মোট সদস্য ১৬ জন। প্রত্যেক বিভাগ হতে অন্ততঃ ২ জন সদস্য হবেন এবং কোন অঞ্চল হতে ১ জনের অধিক সদস্য মনোনীত হবেন না।

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) | ১ জন |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঞ্চল) | ২ জন |
| ৩। | নির্বাহী প্রকৌশলী (জেলা) | ২ জন |
| ৪। | নির্বাহী প্রকৌশলী (যন্ত্রিক) | ১ জন |
| ৫। | নির্বাহী প্রকৌশলী (অঞ্চল) | ১ জন |
| ৬। | সিনিয়র সহকারী প্রকৌশলী | ২ জন |
| ৭। | উপজেলা প্রকৌশলী | ২ জন |
| ৮। | সহকারী প্রকৌশলী (অঞ্চল) | ১ জন |
| ৯। | সহকারী প্রকৌশলী (জেলা) | ১ জন |
| ১০। | উপজেলা সহকারী প্রকৌশলী | ১ জন |
| ১১। | উপ-সহকারী প্রকৌশলী | ১ জন |
| ১২। | কম্যুনিটি অরগানাইজার | ১ জন |

**পরিচালনা:** নিম্নলিখিত ভাবে ফোরামের পরিচালনা কাঠামো হবে।

| | | |
|---|---|---|
| ১। | সভাপতি | ১ জন - জেষ্ঠ্যতম অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সদর দপ্তর |
| ২। | সহ-সভাপতি | ১ জন - অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বিভাগ) |
| ৩। | সদস্য সচিব | ১ জন - নির্বাহী প্রকৌশলী পদমর্যাদা- সদর দপ্তর |
| ৪। | সদস্য | ৩৯ জন |

জেন্ডার ফোরামের সদস্য হিসেবে ন্যূনতম ৫ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তা সদস্য সচিব হিসেবে অগ্রাধিকার পাবেন। সভাপতি ও সদস্য সচিব এর মধ্য হতে যে কোন একজন নারী হবেন।

**মনোনয়ন:** জেন্ডার ফোরাম এলজিইডি সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে হতে সদস্যদের পূর্ণ তালিকা প্রস্তুত করবেন। উক্ত তালিকা থেকে সদস্য সচিব মনোনীত করবেন।

**অনুমোদন:** ফোরাম প্রস্তাবিত সদস্য তালিকা প্রধান প্রকৌশলীর কাছ থেকে অনুমোদন নেওয়ার ব্যবস্থা করবে।

**সাব-কমিটি:** বিশেষ কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনে সদস্যদের মধ্য হতে একজনকে সভাপতি/আহ্বায়ক করে ফোরামের সদস্য নিয়ে সাব-কমিটি গঠন করা যাবে, যারা ফোরামের কার্যক্রম বাস্তবায়নে সহায়তা দেবেন। এক্ষেত্রে প্রয়োজনে ফোরামের বাইরের অন্য কর্মকর্তাদেরকে সদস্য হিসেবে নেওয়া যাবে।

**মেয়াদ:** ফোরামের সদস্য সচিব পদের মেয়াদ হবে তিন বছর। মেয়াদান্তে উপরোক্ত বিভাজন অনুসারে নতুন সদস্য সচিব মনোনীত হবেন। অধিকাংশের সম্মতিতে কোনো সদস্য সচিব পুনর্মনোনীত হতে পারবেন।

**সভাঃ** সাধারণভাবে ফোরাম প্রতি তিনমাসে একবার মিলিত হবে। বিশেষ প্রয়োজনে যে কোনো সময় ফোরাম মিলিত হতে পারবে। নির্ধারিত বিষয়ে আলোচনা, পরামর্শ ও কর্মকাণ্ড বাস্তবায়নের জন্য অন্য কর্মী ও পরামর্শককে সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

**অনুপস্থিতিঃ** কোনো সদস্য পরপর তিনটি সভায় উপস্থিত না থাকলে তা প্রধান প্রকৌশলী মহোদয়কে অবহিত করা হবে।

**(সালমা শহীদ)**
প্রকল্প পরিচালক, আরইআরএমপি-৩
এবং
সদস্য-সচিব
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

**(মোঃ আহসান হাবিব)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা, ডিজাইন ও গবেষণা)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী

# এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম (প্রস্তাবিত)

| | | |
|---|---|---|
| ১। | জেষ্ঠ্যতম, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি সদর দপ্তর। | সভাপতি |
| ২। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ (ঢাকা)। | সহ-সভাপতি |
| ৩। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৪। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, আইডব্লিউআরএম (পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৫। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী ( পিএমই), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৬। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মানব সম্পদ, পরিবেশ ও জেন্ডার), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৭। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, খুলনা অঞ্চল। | সদস্য |
| ৮। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, দিনাজপুর অঞ্চল। | সদস্য |
| ৯। | প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি (২য় পর্যায়), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ১০। | প্রকল্প পরিচালক, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ১১। | প্রকল্প পরিচালক, প্রভাতী, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ১২। | প্রকল্প পরিচালক, জেএসপি, এলজিইডি। | সদস্য |
| ১৩। | প্রকল্প পরিচালক, সিটিইআইপি, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ১৪। | প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ১৫। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, পরিকল্পনা। | সদস্য |
| ১৬। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ডিজাইন (ভবন)। | সদস্য |
| ১৭। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাননিয়ন্ত্রণ। | সদস্য |
| ১৮। | নির্বাহী প্রকৌশলী, (জনাব সোনিয়া নওরীন), প্রকিউরমেন্ট ইউনিট, এলজিইডি। | সদস্য |
| ১৯। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - হবিগঞ্জ। | সদস্য |
| ২০। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা - বগুড়া। | সদস্য |
| ২১। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর অঞ্চল। | সদস্য |
| ২১। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, (যান্ত্রিক) রাজশাহী বিভাগ। | সদস্য |
| ২৩। | সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, আইসিটি। | সদস্য |
| ২৪। | সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, রক্ষণাবেক্ষণ। | সদস্য |
| ২৫। | সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, প্রশাসন। | সদস্য |
| ২৬। | সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, কুমিল্লা। | সদস্য |
| ২৭। | সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, ভোলা। | সদস্য |
| ২৮। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বানারীপাড়া, বরিশাল। | সদস্য |
| ২৯। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর, জামালপুর । | সদস্য |
| ৩০। | সহকারী প্রকৌশলী, এলজিইডি, IWRM ইউনিট। | সদস্য |
| ৩১। | সহকারী প্রকৌশলী, এলজিইডি, আম্ফান প্রকল্প। | সদস্য |
| ৩২। | সহকারী প্রকৌশলী, এলজিইডি, রংপুর অঞ্চল। | সদস্য |
| ৩৩। | সহকারী প্রকৌশলী, এলজিইডি, জেলা: চট্রগ্রাম। | সদস্য |
| ৩৪। | উপজেলা সহকারী প্রকৌশলী, এলজিইডি, বালাগঞ্জ, সিলেট। | সদস্য |
| ৩৫। | উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, ত্রিশাল, ময়মনসিংহ। | সদস্য |
| ৩৬। | উপ-সহকারী প্রকৌশলী, আইপিসিপি, এলজিইডি। | সদস্য |
| ৩৭। | কম্যুনিটি অরগানাইজার, কুমারখালী, কুষ্টিয়া। | |
| | <u>বিশেষ বিবেচনায় জেন্ডার ফোরামের অভিজ্ঞতা সম্পন্ন কর্মকর্তা ৫ জন।</u> | সদস্য |
| ৩৮। | জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-৩, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৩৯। | জনাব উজ্জ্বল ত্রিপুরা, নির্বাহী প্রকৌশলী (চ:দা:), এসএসডব্লিউআরডিপি-II (জাইকা), এলজিইডি। | সদস্য |
| ৪০। | জনাব মৌসুমী সালমিন, নির্বাহী প্রকৌশলী (চ:দা:), প্রশিক্ষণ ইউনিট, এলজিইডি। | সদস্য |
| ৪১। | জনাব ফারহানা লিমা, সিনিয়র সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর। | সদস্য |
| ৪২। | জনাব আমিনুর রহমান, সিনিয়র সহকারী প্রকৌশলী(আইডব্লিউআরএম), এলজিইডি সদর দপ্তর। | সদস্য |

সদস্য সচিব গঠন তন্ত্রের আলোকে পরবর্তীতে সদস্যগনের মধ্যে থেকে নির্বাচন করা হবে।

**(সালমা শহীদ)**
প্রকল্প পরিচালক, আরইআরএমপি-৩
এবং
সদস্য-সচিব
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

**(মোঃ আহসান হাবিব)**
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা, ডিজাইন ও গবেষণা)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী